

আমাদের উদ্দেশ্য

রেডিও সৈকত: সম্প্রীতি, প্রাণ ও প্রকৃতি সুরক্ষায়। কোষ্ট ফাউন্ডেশনের একটি অঙ্গ-প্রতিষ্ঠান হলো রেডিও সৈকত। কোষ্ট ফাউন্ডেশন দেশের অন্যতম বেসরকারি উন্নয়ন সংস্থা, যা কক্সবাজারে বাস্তবায়ন করছে প্রথম কমিউনিটি রেডিও। কমিউনিটি রেডিও ছানীয় মানুষের সম্প্রীতি, জীবন ও প্রকৃতির প্রতিনিধিত্ব করবে। কক্সবাজারে জ্ঞানভিত্তিক এবং মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল সমাজ নির্মাণে, বিশেষ করে বয়ঃসন্ধিকালের ছেলে এবং মেয়েদের জন্য কাজ করবে এই কমিউনিটি রেডিও। ন্যায্যতা ও ন্যায়বিচার ভিত্তিক গণতান্ত্রিক সমাজ বিনির্মাণে এবং জীবন ও প্রকৃতি রক্ষায় তথ্য ও অনুষ্ঠান প্রচার করবে রেডিও সৈকত।



/radiosaikat 99.0




radiosaikat.net

রেডিও অনুষ্ঠান: তারার আলো

“প্রতিবন্ধীতা একটি অভিশাপ এবং এটি পাপ কাজের শাস্তি” সমাজের এই ভ্রান্ত বিশ্বাসের বলি বিশেষ চাহিদা সম্পর্ক ব্যক্তিরা

কক্সবাজার বিজিবি ক্যাম্প এলাকার রেবেকা বেগম বলেন, জন্মলগ্ন থেকেই কথা বলতে পারেন না ফয়সাল রিয়াদ। তিনি বলেন, সামাজিকভাবেও এরূপ একটি বিশ্বাস আছে যে, প্রতিবন্ধীতা একটি অভিশাপ এবং এটি পাপ কাজের শাস্তি।

গর্ভকালীন সময় যে পুষ্টিকর খাবারের প্রয়োজন ছিলো তা তিনি খেতে পারেননি। তিনি ধারনা করছেন একারণে তার গর্ভের সন্তানের এই সমস্যা হয়েছে। এছাড়াও অভাবের সংসারে তার চিকিৎসার দায়িত্ব নেওয়া কষ্টকর হয়েছে বলে গর্ভকালীন অবস্থায় ঠিক মতো চেকআপও করাতে পারেনি রিয়াদের মা।



রেডিও অনুষ্ঠান: স্বাস্থ্যকথা

ওমিক্রন বা সর্বোপরি করোনার প্রভাব বিষয়ে কক্সবাজার সদর হাসপাতালের ডাক্তার মাহমুদুল হক বলেন, ‘যদি করোনার প্রভাব এখন অনেকটাই কমে এসেছে, তারপরেও করোনা সম্পর্কিত সকল বিধি-নিমেধ মেনে চলতে হবে। যদি সম্ভব হয় তাহলে জ্বর বা সার্দি হলে হাসপাতালে না গিয়ে বাড়িতে বসেই প্রাথমিক চিকিৎসা গ্রহণ করলেই ভালো হয়’। বাইরে বের হলে অবশ্যই মাস্ক পরিধান করা, ২০ মিনিট অন্তর অন্তর সাবান বা স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করা, ভিড় এড়িয়ে চলার প্রতি আরো বেশি মনোযোগী হতে হবে বলে জানান তিনি।



রেডিও অনুষ্ঠান: প্রীতিলতা



‘গণ-পরিবহনে নারী ও কিশোরীরা অনেক বেশি যৌন হয়েরানির শিকার হয়’

একজন কর্মজীবী নারী জানাত বেগমের তার জীবন থেকে নেওয়া অভিস্ফুল্য জানান আমাদের কাছে। আরো কথা বলি একজন শিক্ষার্থী তানজিনা বিনতের সাথে। বলেন, প্রতিনিয়ত গনপরিবহনে করে কলেজে যাওয়া আসার পথে নানান সমস্যার মধ্য দিয়ে যেতে হয়।

রেডিও অনুষ্ঠান: প্রেরণা

রেডিও সৈকতের সাথে কথা বলেন জিয়া গেস্ট ইন এ অবস্থিত জয়নাল স্টের এর স্বত্ত্বাধিকারী মো. জয়নাল আবেদিন। তিনি বলেন, তিনি ক্ষুদ্রখণ্ড নিয়ে ব্যবসা শুরু করেন এবং আজ তিনি তিনটি দোকানের মালিক। ১৬-১৭জন কর্মী তার অধীনে কাজ করে।। তিনি সফল উদ্যোক্তা হিসেবে গবর্বোধ করেন। তিনি চান তার ব্যবসা আরো সম্প্রসারিত হোক ও আরো অনেক পরিবারের অন্নসংস্থানের ব্যবস্থা হোক। তিনি আরো আশা করেন কক্সবাজারের তরঙ্গরা মাদকের অভিশাপ থেকে মুক্ত হয়ে কর্মজীবী হয়ে উঠবে এবং সমাজের উন্নয়ন ঘটাবে।



রেডিও অনুষ্ঠান: কৃষণ-কৃষণী



‘কৃষিকাজে সফলতা পেয়ে আজ সচ্ছল কক্সবাজারের মর্জিনা বেগম’

কক্সবাজার জেলার দক্ষিণ সোনাপাড়ার ৪০ বছর বয়সী মর্জিনা বেগম বলেন, “ঘরের কাজের পাশাপাশি কৃষি কাজও করে আসছি ১৮ বছর ধরে। আগে গ্রামীণ সমাজে পুরুষেরা মাঠে কৃষি কাজ করতো এবং নারীরা রান্নাবান্না আর সন্তান লালনপালন নিয়েই ব্যস্ত থাকতো। বর্তমানে প্রত্যক্ষভাবে কৃষিকাজে এগিয়ে এসেছে নারীরা।” তিনি আরো বলেন, “পুরুষের সঙ্গে সমান তালে রবিশস্য উৎপাদন, গবাদি পশু ও হাঁস-মুরগি পালন, সবজি ও মৎস্য চাষ, বনায়ন এসব কাজে আমি অবদান রাখছি। এখন বর্তমানে আমার ক্ষেত্রে শীতকালীন সবজি টমেটোর চাষ করে সফলতার মুখ দেখেছি।”

শ্রোতা
প্রতিক্রিয়া

